DR (General)
Circulate it
Science/Biological Sci/
Marine Science/Engineering
Faculties.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-০৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০১.২৫-৯৪

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

Office of the Vice-Chancellor, University of Chittagong, Chittagong, Bangladesh.

বিষয়: বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ বিশ্ববিদ্যালয় সমূহের অংশগ্রহণ ও সহযোগিতা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর উদ্যোগে এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বাস্তবায়নে আগামী ১২-১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে নভোথিয়েটার, ঢাকায় **"বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬"** অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে জনাব তারেক রহমান, এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি প্রদান করেছেন।

০২। এ আয়োজনের প্রতিপাদ্য বিষয় **"Innovate to Market"**। দেশের বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠান, উদ্ভাবক, শিল্পখাত, বিনিয়োগকারী ও সংশ্লিষ্ট অংশীজনদের একটি সমন্বিত Innovation Ecosystem-এর আওতায় যুক্ত করে গবেষণা ও উদ্ভাবনকে বাস্তব প্রয়োগ, শিল্প এবং বাজারের সঙ্গে সংযুক্ত করাই এই আয়োজনের অন্যতম প্রধান লক্ষ্য। বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোতে পরিচালিত গবেষণা, শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রকল্প, প্রোটোটাইপ এবং নতুন প্রযুক্তিনির্ভর উদ্যোগসমূহকে জাতীয় পর্যায়ে তুলে ধরা এবং সম্ভাবনাময় উদ্ভাবনগুলোকে শিল্প, বিনিয়োগ ও বাজারের সঙ্গে সংযুক্ত করার ক্ষেত্রে আপনার বিশ্ববিদ্যালয়ের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০৩। এ প্রেক্ষিতে, বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ বিশ্ববিদ্যালয়গুলোর অংশগ্রহণ, গবেষণা ও উদ্ভাবন প্রদর্শন, শিক্ষার্থী ও গবেষকগণের সম্পৃক্ততা এবং পারস্পরিক সহযোগিতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে আপনার প্রয়োজনীয় প্রস্তুতিসহ অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০/০৮/২৬
মোঃ নাজমুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৪৩৩
E-mail:st7@most.gov.bd

উপাচার্য (সকল বিশ্ববিদ্যালয়)

স্মারক নম্বর: জি-২৬৬/ সা. প্রশা./২০২৬/৯৪৮৭ তারিখ: ২৪.৮.২০২৬ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো :**

১। ডিন, বিজ্ঞান অনুষদ/জীববিজ্ঞান অনুষদ/ইঞ্জিনিয়ারিং অনুষদ/মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (অনুষদভুক্ত স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের সভাপতি ও পরিচালক-কে অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
২। পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংযুক্ত বিজ্ঞপ্তিখানা চ.বি. ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
৩। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৪। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৫। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

২৫.৮.২০২৬
**(মোহাম্মদ আল রিজোয়ানুল ইসলাম)**
ডেপুটি রেজিস্ট্রার
জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি.।